# জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত উপজেলা বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব জিয়াউল ইসলাম চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সিগঞ্জ

তারিখঃ ১৭ /০৭/২০২১ খ্রি.

সময়ঃ ১১:০০ ঘটিকা।

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট “ক”</u>

সভার শুরুতে সভাপতি ''জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২'' উদযাপনে উপজেলা বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ এর সংক্রমন বাংলাদেশের অন্যান্য সেক্টরের ন্যায় মৎস্য সেক্টরে প্রভাব ফেলেছে। আগামীতে মৎস্য উৎপাদনের ধারা অব্যাহত রাখতে, মাছ চাষিদের মধ্যে সচেতনতা বৃদ্ধি, মৎস্য চাষে চাষিদের উদ্বুদ্ধকরণে এ বছরে বাস্তবায়িতব্য ''জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২'' গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি ''জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২'' উদযাপন কমিটির সদস্য সচিব উপজেলা মৎস্য অফিসারকে সভার আলোচ্যসূচি উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, আগামী ২৩ জুলাই হতে ২৯ জুলাই, ২০২২ তারিখে দেশব্যাপী ''নিরাপদ মাছে ভরবো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ'' এই প্রতিপাদ্য কে সামনে রেখে ''জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২'' উদযাপন করা হবে। তিনি ''জাতীয় মৎস্য সপ্তাহ-২২'' এর লক্ষ্য এবং উদ্দেশ্য সভায় উপস্থাপন করেন এবং মহাপরিচালক (চলতি দায়িত্ব), মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের পত্র নং ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৪.২২-২৭২, তারিখ ৩০/০৬/২০২২ খ্রি. সভায় পাঠ করে শুনান। তিনি মহাপরিচালক (চলতি দায়িত্ব) মহোদয় কর্তৃক ''জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২'' উদযাপন উপলক্ষে প্রদত্ত কর্মসূচির আলোকে গজারিয়া, মুন্সিগঞ্জ উপজেলায় ৭ দিন ব্যাপী ''জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২'' উদযাপনের লক্ষ্যে প্রণীত খসড়া কর্মসূচি সভায় উপস্থাপন করেন। অতঃপর সভায় উপস্থিত সদস্যবৃন্দকে আলোচ্য বিষয়সমূহে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় উপরোক্ত আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

<u>সিদ্ধান্ত-১</u>:- ''জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২'' উদযাপনের জন্য মহাপরিচালক মহোদয় কর্তৃক প্রদত্ত কর্মসূচির আলোকে গজারিয়া, মুন্সীগঞ্জ উপজেলার জন্য খসড়া কর্মসূচি আংশিক সংশোধন করে নিম্নলিখিত কর্মসূচি প্রনয়ণ ও অনুমোদন করা হয়।

| দিন ও তারিখ | কার্যক্রম | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ম দিন শনিবার (২৩/০৭/২০২২) | ''জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২'' উপলক্ষে মাইকিং এর মাধ্যমে প্রচারণা | উপজেলার গুরুত্বপূর্ন স্থান, হাট-বাজার, জেলেপাড়া, মৎস্য আড়ৎ ও জনবহুল এলাকা | উপজেলা মৎস্য দপ্তর |
| | সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা | উপজেলা মৎস্য অফিসারের অফিস কক্ষ | উপজেলা মৎস্য দপ্তর |
| ২য় দিন রবিবার (২৪/০৭/২০২২) | ব্যানার ও ফেস্টুন সহযোগে সড়ক র‍্যালি ও উদ্বোধনী অনুষ্ঠান | উপজেলা পরিষদ | জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপজেলা কমিটি |
| | উপজেলায় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের জলাশয়ে পোনামাছ অবমুক্তকরণ | প্রাতিষ্ঠানিক জলাশয়, উপজেলা পরিষদ | |
| | ''জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২'' উপলক্ষে মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শণ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ | |
| ৩র্থ দিন সোমবার (২৫/০৭/২০২২) | প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময় সভা | গজারিয়া ইউনিয়ন পরিষদ, গজারিয়া | উপজেলা মৎস্য দপ্তর |
| ৪ম দিন মঙ্গলবার (২৬/০৭/২০২২) | অবৈধ জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা | মেঘনা নদী/মাছের হাট বাজার | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| ৫ম দিন বুধবার (২৭/০৭/২০২২) | ''জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২'' উপলক্ষে মৎস্য চাষিদের মাছচাষ বিষয়ক নিবিড় পরামর্শ সেবা প্রদান, পুকুরের মাটি ও পানি পরীক্ষা | মৎস্য চাষিদের পুকুর/ইউনিয়ন পরিষদ | উপজেলা মৎস্য দপ্তর |
| | মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শণ | ইমামপুর ইউনিয়ন পরিষদ, গজারিয়া | জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপজেলা কমিটি |
| ৬ষ্ঠ দিন বৃহস্পতিবার (২৮/০৭/২০২২) | ''জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২'' উপলক্ষে সুফলভোগীদের প্রশিক্ষণ ও বিভিন্ন উপকরণ বিতরণ | উপজেলা পরিষদ প্রাঙ্গন | জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপজেলা কমিটি |
| ৭ম দিন শুক্রবার (২৯/০৭/২০২২) | জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ | জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপজেলা কমিটি |

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ''জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২'' উদযাপনের ক্ষেত্রে কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় রেখে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নির্ধারিত সকল কার্যক্রম প্রতিপালনের জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জিয়াউল ইসলাম চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপজেলা কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ ।
http://fisheries.gazaria.munshiganj.gov.bd

পত্র নং- ৩৩.০২.৫৯২৪.৫০১.০৫.০০১.২২- ৮৪ তারিখঃ ১৭/০৭/২০২২খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ ৩ ও উপদেষ্টা, ''জাতীয় মৎস্য সপ্তাহ'' বাস্তবায়ন উপজেলা কমিটি।
২। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ ।
৩। জেলা মৎস্য অফিসার, মুন্সীগঞ্জ ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ ও উপদেষ্টা, ''জাতীয় মৎস্য সপ্তাহ'' বাস্তবায়ন উপজেলা কমিটি।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ ও উপদেষ্টা, ''জাতীয় মৎস্য সপ্তাহ'' বাস্তবায়ন উপজেলা কমিটি।
৬। উপজেলা...................................................... কর্মকর্তা, গজারিয়া ও সদস্য, ''জাতীয় মৎস্য সপ্তাহ'' বাস্তবায়ন উপজেলা কমিটি।
৭। অফিসার-ইন-চার্জ, গজারিয়া থানা, মুন্সীগঞ্জ ও সদস্য, ''জাতীয় মৎস্য সপ্তাহ'' বাস্তবায়ন উপজেলা কমিটি।
৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.........................................................................................., গজারিয়া, মুন্সীগঞ্জ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)।
৯। ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, গজারিয়া, মুন্সীগঞ্জ।
১০। কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
১১। জনাব .................................................... সিভিল সোসাইটির প্রতিনিধি, গজারিয়া, মুন্সীগঞ্জ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)।
১২। জনাব ...................................................... সমাজ সেবক, গজারিয়া, মুন্সীগঞ্জ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)।
১৩। .................................... এনজিও প্রতিনিধি, গজারিয়া, মুন্সীগঞ্জ।
১৪। প্রতিনিধি, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমিতি, গজারিয়া, মুন্সীগঞ্জ।
১৫। প্রতিনিধি, বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি, গজারিয়া, মুন্সীগঞ্জ।
১৬। প্রতিনিধি, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
১৭। জনাব ........................................... মৎস্য চাষী প্রতিনিধি, গজারিয়া, মুন্সীগঞ্জ (উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত)।
২৮। দপ্তর নথি।

17/7/22

(মোহাঃ রফিকুল আলম)
উপজেলা মৎস্য কর্মকর্তা (অ.দা.)
ও
সদস্য-সচিব
জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপজেলা কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ